



১৯৫১ "শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

স্মারক নং-বামাশিবো/প্রশা/বরিশাল-২১৯/ ২৬০৭

তারিখঃ ১০/০৬/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ অধ্যক্ষ মোঃ হেলাল উদ্দিন ভূইয়া এর বিরুদ্ধে কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।

তাগিদপত্র

সূত্রঃ (১) জেলা প্রশাসক, বরিশাল এর স্মারক নং-০৫.১০.০৬০০.১১৭.৬৩.০০৩.১৫-৬৭৬; তারিখ: ২১ ডিসেম্বর, ২০১৫খ্রিঃ।

(২) বামাশিবো/প্রশা/বরিশাল-২১৯/১০৩১, তারিখ: ২৯/০২/২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার সদর উপজেলায় লাকুটিয়া ইসলামিয়া আলিম মাদরাসার অধ্যক্ষ মোঃ হেলাল উদ্দিন ভূইয়া এর বিরুদ্ধে জেলা প্রশাসক, বরিশাল, উপজেলা নির্বাহী অফিসার, সদর, বরিশালের মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রস্থ ১ নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অধ্যক্ষের বিরুদ্ধে ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার ০২ জন (তাছলিমা আক্তার পপি ও রাবেয়া আক্তার বিথী) শিক্ষার্থীর নাম যথাযথভাবে রেজিস্ট্রেশন করানো ব্যবস্থা না করা, প্রতিষ্ঠানের ভর্তি রেজিস্ট্রার, ফলাফল রেজিস্ট্রার এবং হাজিরা বহিতে উক্ত শিক্ষার্থীদের নাম অন্তর্ভুক্ত না করা, তদন্তকালে পালিয়ে যাওয়া, বিভিন্ন অনিয়মতান্ত্রিক কাজের সাথে জড়িত থাকার বিষয়টি প্রমানিত হয়েছে। অধ্যক্ষ হিসেবে মোঃ হেলাল উদ্দিন ভূইয়া এর একরূপ কার্যকলাপ কর্তব্য পালনে অবহেলা, অসদাচরণ, শাস্তিমূলক কার্যক্রমের সামিল। এর পরিপ্রেক্ষিতে সূত্রস্থ ২ নং স্মারক মোতাবেক পত্র দেওয়া হলেও কোন জবাব অত্র বোর্ডে দাখিল/প্রেরণ করেননি।

বর্ণিত অবস্থায় অধ্যক্ষ মোঃ হেলাল উদ্দিন ভূইয়া এ বিরুদ্ধে কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে তার সন্তোষজনক জবাব এবং দেওয়ানী মামলা নং-২২/২০১৭ এর সর্বশেষ অবস্থা, আদালতের আদেশের সার্টিফাইড কপির মাধ্যমে ও মামলায় বর্ণিত অভিযোগের বিষয়ে লিখিত বক্তব্য, সমর্থনীয় কাগজপত্রসহ নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১। সভাপতি, গভার্ণিং বডি, লাকুটিয়া ইসলামিয়া আলিম মাদরাসা, সদর, বরিশাল।
২। অধ্যক্ষ, লাকুটিয়া ইসলামিয়া আলিম মাদরাসা, সদর, বরিশাল।

স্মারক নং-বামাশিবো/প্রশা/বরিশাল-২১৯/

তারিখঃ ১০/০৬/২০১৭ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ১। জেলা প্রশাসক, বরিশাল।
- ২। জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর, বরিশাল।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, বরিশাল।
- ৫। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭৪